দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... MAR. 06 2000
পৃষ্ঠা ... কলাম ...

# খালার হয়ে পরীক্ষা দিতে গিয়ে বোরকা পরা যুবক গ্রেফতার

**স্টাফ রিপোর্টার, কক্সবাজার ॥** শাহজাহান (১৯) খালার হয়ে পরীক্ষা দিতে গিয়েছিল তার মতো করে সেজেই। তার খালাই তার ঠোঁটে লাগিয়ে দিয়েছিল কড়া লাল লিপস্টিক, মুখে ফাউন্ডেশন পাউডার, মাথায় চুলের ক্লিপ এবং সেই সাথে পরিয়ে দিয়েছিল এরাবিয়ান কালো বোরকা। সেই

(১১-পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## খালার হয়ে পরীক্ষা

(প্রথম পাতার পর)

যুবতীবেশী যুবককে গ্রেফতার করে শুক্রবার চালান দেয়া হয়েছে আদালতে।

কক্সবাজার থানা পুলিশ জানিয়েছে, বৃহস্পতিবার এসএসসি পরীক্ষার প্রথম দিনে কক্সবাজার সদর থানার ঈদগাঁও হাইস্কুল পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় অংশ নিয়েছিল যুবতীবেশী এক যুবক। সে ঈদগাঁও ইউনিয়নের ইউসুফের খিল গ্রামের বাসিন্দা এবং রামু কলেজের এইচএসসি পরীক্ষার্থী। তার খালা সেলিনা আকতারের জন্যই সে পরীক্ষা দিতে গিয়েছিল। স্থানীয় জাহানারা ইসলাম বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী সেলিনা আকতার। তার রোল হচ্ছে ৩২২৭০০, সমাজ বিজ্ঞান। পরীক্ষা চলাকালীন একজন পরিদর্শকের ঐ পরীক্ষার্থীর কণ্ঠস্বর শুনে সন্দেহ হলে তিনি সাহসের সাথে তাকে দাঁড় করান। এক পর্যায়ে তার বোরকা খুলে নিলে স্বরূপ উদ্‌ঘাটিত হয়। তাকে গ্রেফতার করা হয় তৎক্ষণাৎ। গ্রেফতারকৃত শাহজাহানকে পুলিশ শুক্রবার আদালতে চালান দিয়েছে।